



তথ্য হালনাগাদকৃত

বাংলাদেশ নার্সিং ও মিডওয়াইফারি কাউন্সিল

২০৩ শহীদ সৈয়দ নজরুল ইসলাম সরণী, বিজয়নগর, ঢাকা-১০০০

ফোন: ২২৩৩৮৪১৫৯, ই-মেইল: bnmc.examination@gmail.com ওয়েবসাইট: www.bnmc.gov.bd

স্মারক নং-বিএনএমসি/পরীক্ষা-৪৮(অংশ-৬)/২০২১-৫৫০(৪০০)

তারিখঃ ১৩ জুলাই ২০২১ খ্রিঃ

বিজ্ঞপ্তি

{ফলাফল প্রকাশ ও উত্তরপত্র পুনঃনিরীক্ষা}

বাংলাদেশ নার্সিং ও মিডওয়াইফারি কাউন্সিলের অধীনে ডিপ্লোমা ইন নার্সিং সায়েন্স এন্ড মিডওয়াইফারি এবং ডিপ্লোমা ইন মিডওয়াইফারি কোর্সের চূড়ান্ত পরীক্ষা মার্চ-২০২১ খ্রিঃ অনুষ্ঠিত হয়। উক্ত পরীক্ষার ফলাফল কাউন্সিলের পরীক্ষা নিয়ন্ত্রণ কমিটির ১৩-০৭-২০২১ খ্রিঃ অনুষ্ঠিত সভায় অনুমোদনক্রমে প্রকাশ করা হলো।

উক্ত পরীক্ষায় লিখিত (only written paper) অকৃতকার্যদের উত্তরপত্র পুনঃনিরীক্ষা (পুনঃমূল্যায়ন/রিভিউ) আবেদন, অনলাইন রেজাল্টকপি, ফি বিষয়প্রতি ১,০০০/- টাকা পরিশোধের রশিদ সংযুক্ত করে অধ্যক্ষের মাধ্যমে অগ্রবর্তী করে কেবলমাত্র bnmc.examination@gmail.com ইমেইলে (কেবলমাত্র ব্যাংক ড্রাফট/পেঅর্ডারের ক্ষেত্রে ডাক/কুরিয়ার যোগে মূলকপি প্রয়োজন) পাঠাতে হবে। **আবেদন ২২ আগস্ট ২০২১ খ্রিঃ অফিস সময়ের মধ্যে জমা নিশ্চিত করতে হবে** (একই আবেদন একাধিক বার প্রেরণ করলে বিভ্রান্তি সৃষ্টি হয় বিধায় একটি আবেদন একবাই পাঠানোর অনুরোধ করা হলো)। রিভিউ রেজাল্ট অনুমোদন করতঃ পরিস্থিতি বিবেচনা পূর্বক www.bnmc.gov.bd ওয়েবসাইটের মাধ্যমে প্রকাশ করা হবে।

কোভিড-১৯ পরিস্থিতির অবনতির কারণে দেশে চিকিৎসা সেবায় আরও নার্সের প্রয়োজন বিধায় স্বাস্থ্যবিধি মেনে নার্সিং ও মিডওয়াইফারি কোর্সের সান্সিমেন্টারি/রিটেইক পরীক্ষার **সম্ভাব্য তারিখ ২৩ সেপ্টেম্বর ২০২১ খ্রিঃ** নির্ধারণ করা হয়েছে। পরিস্থিতি বিবেচনা পূর্বক পরবর্তীতে পরীক্ষার বিজ্ঞপ্তি কাউন্সিলের ওয়েবসাইটে প্রকাশ করা হবে।

ফলাফলের সারসংক্ষেপ

ডিপ্লোমা ইন নার্সিং সায়েন্স এন্ড মিডওয়াইফারি-১ম বর্ষ		ডিপ্লোমা ইন নার্সিং সায়েন্স এন্ড মিডওয়াইফারি (১ম বর্ষ অনিয়মিত)	
মোট পরীক্ষার্থী	১১,৫৬২ জন	মোট পরীক্ষার্থী	২৭২ জন
কৃতকার্য	৯,৪৮৩ জন	কৃতকার্য	১৯২ জন
অকৃতকার্য	২০৭৯ জন	অকৃতকার্য	৮০ জন
পাশের হার	৮২.০১%	পাশের হার	৭০.৫৮%
ডিপ্লোমা ইন নার্সিং সায়েন্স এন্ড মিডওয়াইফারি-২য় বর্ষ		ডিপ্লোমা ইন মিডওয়াইফারি-১ম বর্ষ	
মোট পরীক্ষার্থী	৮,৮১৭ জন	মোট পরীক্ষার্থী	১,৬৯০ জন
কৃতকার্য	৭,৫৮৯ জন	কৃতকার্য	১,৩৭৮ জন
অকৃতকার্য	১,২২৮ জন	অকৃতকার্য	৩১২ জন
পাশের হার	৮৬.০৭%	পাশের হার	৮১.৫৩%

(সুরাইয়া বেগম)

রেজিস্ট্রার

বাংলাদেশ নার্সিং ও মিডওয়াইফারি কাউন্সিল

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থেঃ

১. প্রেসিডেন্ট, বিএনএমসি এবং সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ (দু: আ: উপসচিব, নার্সিং শিক্ষা, স্বাপকম)।
২. মহাপরিচালক, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর/স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
৩. চেয়ারম্যান, পরীক্ষা নিয়ন্ত্রণ কমিটি, বিএনএমসি এবং পরিচালক (চিকিৎসা শিক্ষা), স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
৪. সদস্য (সকল), পরীক্ষা নিয়ন্ত্রণ কমিটি, বাংলাদেশ নার্সিং ও মিডওয়াইফারি কাউন্সিল এবং
৫. অধ্যক্ষ/ইনচার্জ (সকল), সংশ্লিষ্ট নার্সিং ও মিডওয়াইফারি শিক্ষা প্রতিষ্ঠান
৬. সহকারী প্রোগ্রামার, বিএনএমসি (ফলাফল এবং বিজ্ঞপ্তি কাউন্সিলের ওয়েবসাইটে প্রকাশের নির্দেশসহ)/হিসাব শাখা, বিএনএমসি।
৭. জনাব মোঃ মোস্তাফিজুর রহমান/জনাব মোঃ আব্দুল আউয়াল, উচ্চমান সহকারী, বিএনএমসি-রিভিউ আবেদন গ্রহণ ও সংশ্লিষ্ট কার্যসম্পাদনের নির্দেশসহ (০১৯১১-৩৫২২৭২/০১৭১৬-৫৪৪৮৮১/ bnmc.examination@gmail.com)
৮. জনাব/ বেগম